

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

নং-স্বাঃঅধিঃ/এমই/বিডিএস/বেসরকারী/২০১৭-২০১৮/১০৯

তারিখ : ১১-১২-২০১৭ খ্রিঃ

অনুমোদিত বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল
ইউনিটে বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০১৭-২০১৮

অনুমোদিত বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্যে সংশ্লিষ্ট কলেজ/ইউনিট কর্তৃপক্ষসমূহে 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক বিডিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবেন। বিজ্ঞপ্তি বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ করতে হবে। নিজস্ব Website এ বিজ্ঞপ্তিটি বাংলা ও ইংরেজি ভাষায় upload করতে হবে। মন্ত্রণালয়ে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারবেন। এক্ষেত্রে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ নম্বর বা তদুর্ধ্ব প্রাপ্ত ছাত্রছাত্রীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ এর নম্বর যোগ করে ভর্তির জন্যে মেধা তালিকা প্রস্তুত করা হয়েছে। ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার নীতিমালা অনুসরণ করতে হবে। অসচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্যে ছাত্র-ছাত্রীরা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে (ফরম কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাবেন) পছন্দের কলেজে আবেদন করবেন। ভর্তি কার্যক্রমের সময়সূচি নিম্নরূপ:

ক্রম	বিবরণী	(সম্ভাব্য) সময়
০১	ভর্তি বিজ্ঞপ্তি প্রদান শুরু করা যাবে	১৪-১২-২০১৭ হতে।
০২	আবেদনপত্র বিতরণ শুরু	১৭-১২-২০১৭ হতে।
০৩	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ	২৭-১২-২০১৭ হতে।
০৪	প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A-Z) প্রকাশ	৩০-১২-২০১৭ হতে।
০৫	ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু	৩১-১২-২০১৭ হতে।
০৬	ছাত্র-ছাত্রী ভর্তির প্রক্রিয়া শেষ তারিখ	২৭-০১-২০১৮।
০৭	ব্লাস শুরু	ফেব্রুয়ারি ০৪, ২০১৮।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা, শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন : ৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com

জি- ১৫৬১/১৭ (৮'x৩)